তারিখ ... 5. AUG. 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ......

দৈনিক
আমাদের সময়

# ঢাবিতে শিক্ষক নিয়োগে 'অনিয়মে' সাদা দলের উদ্বেগ

নিজস্ব প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) গত সাড়ে আট বছরে অনিয়মের মাধ্যমে ৯০৭ জন অনুগত শিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে দাবি করে, এ ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে বিএনপি-সমর্থিত সাদা দল। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে তারা এ উদ্বেগ প্রকাশ করে। বিজ্ঞপ্তির ভাষ্যমতে, সাদা দল বিভিন্ন সময়ে শিক্ষক নিয়োগসহ প্রশাসনের বিভিন্ন অনিয়মের বিষয়ে লিখিত ও মৌখিক প্রতিবাদ করে আসছে। কিন্তু প্রশাসনের উপেক্ষার ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য ও সুনাম প্রশ্নবিদ্ধ হয়ে পড়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, গত পরশু প্রধান বিচারপতির দেওয়া এক আপিল রায়েও বিষয়টি উঠে এসেছে।

শিক্ষক এরপর পৃষ্ঠা ৯ কলাম ৩

## ঢাবিতে শিক্ষক

(৩ এর পৃষ্ঠার পর) নিয়োগে অনিয়মসহ উপাচার্য প্যানেল নির্বাচনকে কেন্দ্র করে গত কয়েক দিন ধরে ঢাকা বিশ্বদ্যিালয়কে নিয়ে অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত খবরে বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যৎ নিয়ে শঙ্কিত, উৎকণ্ঠিত ও চিন্তিত। মেধাবী ও যোগ্য শিক্ষকের ওপরই বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও গবেষণা কার্যক্রম নির্ভর করে। কিন্তু গত কয়েক বছরে মেধা ও যোগ্যতাকে পাশ কাটিয়ে দলীয় অনুগত ব্যক্তিদের শিক্ষক হিসেবে নিয়োগ দেওয়ার ফলে ঢাকা বিশ্ববিদ্যালয় এক দীর্ঘস্থায়ী সংকটে পড়বে বলে আশঙ্কা করে সাদা দল। যোগ্য প্রার্থীদের বাদ দিয়ে ন্যূনতম যোগ্যতা পূরণ না করা প্রার্থীদের নিয়োগ দেওয়া কেবল আইন-বিরুদ্ধ নয়, নৈতিকতা পরিপন্থী ও অমানবিক বলেও উল্লেখ করেন তারা। এ ছাড়া এই ধরনের অনিয়মের বিচার বিভাগীয় তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি জানান তারা।